

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪৪৮১(আগরতলা ৬।১)  
খোয়াই, ৬ জানুয়ারি, ২০২৪

**মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মান নিধি প্রকল্প**  
**খোয়াই জেলার প্রাণীপালকদের আর্থিক সহায়তা**

মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মান নিধি প্রকল্পে খোয়াই জেলার সুবিধাভোগী প্রাণীপালকদের গতকাল এক জেলাভিত্তিক অনুষ্ঠানের মধ্য দিয়ে সহায়তা প্রদান করা হয়। খোয়াই পঞ্চায়েত সমিতির হলে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা। অনুষ্ঠানে সভাপতি বলেন, রাজ্যকে প্রাণিজ খাদ্য উৎপাদনে স্বয়ম্ভর করার লক্ষ্যে সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মান নিধি তারমধ্যে একটি অন্যতম পদক্ষেপ।

অনুষ্ঠানে জেলার ৫ জন প্রাণীপালককে এই প্রকল্পে আর্থিক সহায়তা দেওয়া হয়। অনুষ্ঠানে সুবিধাভোগীদের প্রত্যেককে এককালীন সহায়তা হিসেবে ৬ হাজার টাকার চেক তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান টিংকু ভট্টাচার্য ও ভাইস চেয়ারম্যান তাপস দাস, কল্যাণপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সোমেন গোপ, প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের উপঅধিকর্তা ডা. প্রাণকুমার দাস প্রমুখ।

\*\*\*\*\*